রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারী ২৯, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-১০

ঢাকা, ১৬ই ফাল্গুন, ১৩৯৪/২৯শে ফেব্রুয়ারী, ১৯৮৮

নং এস. আর. ও ৫৫-আইন/৮৮/শা-১০/নিম্ন-১৭/৮৭—১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ (১৯৬১ সনের ৩৯ নং অধ্যাদেশ)-এর ৬(১)(ক) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছেন যে, উক্ত অধ্যাদেশের ৫ ধারার বিধান মোতাবেক "রি রোলিং মিলস" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের মজুরীর হার নির্ধারণের উদ্দেশ্যে একই অধ্যাদেশের ৩ ধারার অধীনে গঠিত নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরীর হারসমূহ উল্লিখিত শ্রমিকদের নিম্নতম মজুরীর হার হইবে ঃ

তফসিল

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণীবিভাগ | মাসিক মূল মজুরী | মাসিক প্রান্তিক ভাতা | মাসিক মোট |
|---|---|---|---|
| | (টাকা) | (টাকা) | (টাকা) |
| উচ্চতর দক্ষ ঃ | ১৪০০ | ৫৬০ | ১৯৬০ |
| ১। চার্জম্যান | | | |
| ২। টার্নার | | | |
| ৩। ইলেকট্রিশিয়ান | | | |



মূল্যঃ ৬০ পয়সা

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মাসিক মূল মজুরী | মাসিক প্রান্তিক ভাতা | মাসিক মোট |
|---|---|---|---|
| | (টাকা) | (টাকা) | (টাকা) |
| দক্ষ-১ ঃ | ৯০০ | ৪১০ | ১৩১০ |
| ১। টংসম্যান (১নং)<br>২। ফিটার<br>৩। ফারনেসম্যান<br>৪। ফায়ারম্যান<br>৫। ওয়েল্ডার<br>৬। মোল্ডার | | | |
| দক্ষ-২ ঃ | ৮০০ | ৩৮০ | ১১৮০ |
| ১। টংসম্যান (২নং, ৫নং অথবা ফিনিশিং স্ট্যান্ড)<br>২। ব্ল্যাকস্মীথ<br>৩। সেপারম্যান<br>৪। চেইনম্যান<br>৫। কার্পেন্টার<br>৬। হুকম্যান | | | |
| দক্ষ-৩ ঃ | ৭২৫ | ৩৫৮ | ১০৮৩ |
| ১। টংসম্যান (৩নং এবং ৪ নং) | | | |
| আধা দক্ষ ঃ | ৬৬০ | ৩৩৮ | ৯৯৮ |
| ১। টোটাম্যান<br>২। গার্ডারম্যান<br>৩। পুশারম্যান<br>৪। ক্রেইনম্যান<br>৫। ব্ল্যাকস্মীথ হেলপার<br>৬। হেমারম্যান<br>৭। টার্ণার হেলপার<br>৮। মোল্ডার হেলপার<br>৯। ওয়েল্ডার হেলপার<br>১০। ইলেকট্রিক হেলপার<br>১১। কার্পেন্টার হেলপার<br>১২। পাম্প ড্রাইভার<br>১৩। ফিটার হেলপার | | | |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণীবিভাগ | মাসিক মূল মজুরী | মাসিক প্রান্তিক ভাতা | মাসিক মোট |
|---|---|---|---|
| অদক্ষ : | ৫৭৫ | ৩১৩ | ৮৮৮ |

১। অয়েলম্যান
২। গ্রীজম্যান
৩। পানিওয়ালা
৪। লেবারার
৫। বিলেট কেরিয়ার
৬। বিলেট কার্টার
৭। লিফ্টার
৮। অন্যান্য হেলপারস

বিশেষ দ্রষ্টব্য : প্রান্তিক ভাতা বলিতে বুঝায় :

১। বাড়ী ভাড়া ভাতা : মূল মজুরীর ৩০%
২। চিকিৎসা ভাতা : ১০০ টাকা মাসিক
৩। যাতায়াত ভাতা : ৪০ টাকা মাসিক

বিশেষ দ্রষ্টব্য : এতদসংগে নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশ ১৯৮৭ এর অনুলিপি অবহ প্রকাশ করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ হেলাল উদ্দিন খান
উপ-সচিব।

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

## "রি-রোলিং মিলস" শিল্প প্রতিষ্ঠান

## সুপারিশ, ১৯৮৭

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ (অধ্যাদেশ নং ৩৯)-এর ৫(১) ধারার বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯শে জুন, ১৯৮৪ তারিখের এস. আর. ও ২৬৭-এল/৮৪/শা-১০/২(১)/৮৪ নম্বর বিজ্ঞপ্তি দ্বারা অত্র বোর্ডকে "রি-রোলিং মিলস" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী সুপারিশের নির্দেশ দেন এবং উক্ত শিল্পে প্রতিনিধিত্ব করার জন্য যথাক্রমে ৮ই জানুয়ারী ১৯৮৫ তারিখের এস আর ও ২৭-এল/৮৫/এস-দশ/২(১)/৮৪ নম্বর বিজ্ঞপ্তি, ১২ই নভেম্বর ১৯৮৫ তারিখের শা-১০/মজুরী/২(১)/৮৫/১১০ নম্বর বিজ্ঞপ্তি, ২৭শে জানুয়ারী, ১৯৮৬ তারিখের শা-১০/এম ডব্লিউ-১/৮৬/৮ নম্বর বিজ্ঞপ্তি এবং ২৫শে মার্চ ১৯৮৭ তারিখের এস আর ও, ৪৭-এল/৮৭ নম্বর বিজ্ঞপ্তি দ্বারা উক্ত শিল্পের মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করেন।

বোর্ড "রি-রোলিং মিলস" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের কর্মাবস্থা, মজুরী রেজিস্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা এবং শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয় সমেত আরও কতিপয় বিষয় পর্যবেক্ষণ করিয়া সর্বসম্মতিক্রমে খসড়া সুপারিশ প্রণয়ন করেন এবং নিম্নতম মজুরী বিধিমালার ১৫(১) বিধি মোতাবেক উক্ত খসড়া সুপারিশ সাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন।

অতঃপর খসড়া সুপারিশের উপর ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(২) বিধি মোতাবেক দাখিলকৃত আপত্তি ও প্রস্তাব বিবেচনা করিয়া দীর্ঘ আলোচনার পর বোর্ড সর্বসম্মতিক্রমে ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেন ঃ

১। "রি-রোলিং মিলস" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধারা ও প্রকৃতি, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে (১) উচ্চতর দক্ষ, (২) দক্ষ-১, (৩) দক্ষ-২, (৪) দক্ষ-৩, (৫) আধা-দক্ষ, ও (৬) অদক্ষ এই ৬ (ছয়) শ্রেণীতে বিভক্ত করা হয় যাহা অত্র সাথে সংযোজিত পরিচ্ছেদ "ক"-এ বলা হইয়াছে।

২। এই সুপারিশ ঘোষণার পর হইতে শিল্প প্রতিষ্ঠানের মালিকগণ "ক" পরিচ্ছেদে লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকদের যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

৩। যদি কোন শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকর্তা ঠিকাদার মালিকের ন্যায় কার্য করিবেন।

৪। 'ক' পরিচ্ছেদে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত নিম্নতম মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবেনা। নিয়োগকর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৫। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদিগকে কুরনভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পায়।

৬। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ যেসব আর্থিক ও অন্যান্য সুযোগ সুবিধা নিয়ত পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।

৭। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং কার্যকাল ফ্যাক্টরী আইনে (রি-রোলিং মিলস এর জন্য প্রযোজ্য) নিয়ন্ত্রিত হইবে।

৮। এই সুপারিশ বাংলাদেশ গেজেটে প্রকাশের তারিখ হইতে কার্যকর হইবে।

এ, কে, এম, আজিজুল হক

চেয়ারম্যান,

নিম্নতম মজুরী বোর্ড।

ডঃ তাহেরুল ইসলাম

নিরপেক্ষ সদস্য।

ফিরোজ এম, হাসান

মালিক পক্ষের সদস্য।

বিলাল হোসেন

শ্রমিক পক্ষের সদস্য।

## তফসিল

### "ক" পরিচ্ছেদ

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণীবিভাগ | নিম্নতম মজুরী | | |
| --- | --- | --- | --- |
| | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট |
| | (টাকা) | (টাকা) | (টাকা) |
| **উচ্চতর দক্ষ ঃ** | ১৪০০ | ৫৬০ | ১৯৬০ |
| ১। চার্জম্যান | | | |
| ২। টার্ণার | | | |
| ৩। ইলেকট্রিশিয়ান | | | |
| **দক্ষ-১ ঃ** | ৯০০ | ৪১০ | ১৩১০ |
| ১। টংসম্যান (১নং) | | | |
| ২। ফিটার | | | |
| ৩। ফারনেসম্যান | | | |
| ৪। ফায়ারম্যান | | | |
| ৫। ওয়েল্ডার | | | |
| ৬। মোল্ডার | | | |
| **দক্ষ-২ ঃ** | ৮০০ | ৩৮০ | ১১৮০ |
| ১। টংসম্যান (২নং, ৩নং অথবা ফিনিশ্ট স্ট্যান্ড) | | | |
| ২। ব্ল্যাকস্মীথ | | | |
| ৩। শেপারম্যান | | | |
| ৪। চেইনম্যান | | | |
| ৫। কার্পেন্টার | | | |
| ৬। হুকম্যান | | | |
| **দক্ষ-৩ ঃ** | ৭২৫ | ৩৫৮ | ১০৮৩ |
| ১। টংসম্যান (৩নং এবং ৪নং) | | | |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণীবিভাগ | নিম্নতম মজুরী | | |
|---|---|---|---|
| | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট |
| | (টাকা) | (টাকা) | (টাকা) |
| <u>আধা দক্ষ</u> ঃ | ৬৬০ | ৩৩৮ | ৯৯৮ |
| ১। টোটাম্যান | | | |
| ২। গার্ডারম্যান | | | |
| ৩। পুশারম্যান | | | |
| ৪। ক্রেইনম্যান | | | |
| ৫। ব্ল্যাকস্মীথ হেলপার | | | |
| ৬। হেমারম্যান | | | |
| ৭। টার্ণার হেলপার | | | |
| ৮। মোল্ডার হেলপার | | | |
| ৯। ওয়েল্ডার হেলপার | | | |
| ১০। ইলেকট্রিক হেলপার | | | |
| ১১। কার্পেন্টার হেলপার | | | |
| ১২। পাম্প ড্রাইভার | | | |
| ১৩। ফিটার হেলপার | | | |
| <u>অদক্ষ</u> ঃ | ৫৭৫ | ৩১৩ | ৮৮৮ |
| ১। অয়েলম্যান | | | |
| ২। গ্রীজম্যান | | | |
| ৩। পানিওয়ালা | | | |
| ৪। লেবারার | | | |
| ৫। বিলেট কেরিয়ার | | | |
| ৬। বিলেট কার্টার | | | |
| ৭। লিফ্টার | | | |
| ৮। অন্যান্য হেলপারস | | | |

<u>বিশেষ দ্রষ্টব্য</u> ঃ প্রান্তিক ভাতা বলিতে বুঝায় ঃ

১। বাড়ী ভাড়া ভাতা ঃ মূল মজুরীর ৩০%
২। চিকিৎসা ভাতা ঃ ১০০ টাকা মাসিক
৩। যাতায়াত ভাতা ঃ ৪০ টাকা মাসিক

শাখা ৮

প্রজ্ঞাপন

ঢাকা, ১৬ই ফাল্গুন, ১৩৯৪/২৯শে ফেব্রুয়ারী, ১৯৮৮

নং এস, আর,ও ৫৬-আইন/৮৮/শ্রওজ-৮/১(২১)/৮৭—Industrial Relations Ordinance, 1969 (Ord. XXIII of 1969) এর section 66 এ প্রদত্ত ক্ষমতা-বলে সরকার Industrial Relations Rules, 1977 এ নিম্নরূপ সংশোধন করিলেন, যথা ঃ

উপরোক্ত Rules এর rule 36(1) এ "five" শব্দটির পরিবর্তে "seven" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হেলাল উদ্দিন খান

উপ-সচিব (শ্রম)।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।